দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 28 SEP 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...




*বরিশাল : সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জমি দখল করে কাউন্সিলরের নির্মাণাধীন মার্কেট ভবন* —জনকণ্ঠ

# বরিশালে স্কুলের জমি দখল করে কাউন্সিলরের মার্কেট নির্মাণ

**স্টাফ রিপোর্টার, বরিশাল ॥** এবার নগরীর দক্ষিণ আলেকান্দার চরেরবাড়ি এলাকার ৮৯নং ভাটারখাল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দেয়াল ভেঙ্গে স্কুলের জমি দখল করে দ্বিতল মার্কেট ভবন নির্মাণ করেছেন ১১নং ওয়ার্ডের কাউন্সিলর মজিবর রহমান। বিষয়টি কর্তৃপক্ষকে অবগত করা সত্ত্বেও কোন সুফল মেলেনি বলে অভিযোগ করেছে স্কুল কর্তৃপক্ষ। এর আগে কাউন্সিলর মজিবর রহমানের বিরুদ্ধে বধ্যভূমির সম্পত্তি দখল, শেবাচিম হাসপাতালের জমি দখল, ভিওআইপি গেটে সিটি মার্কেট দখল করে অফিস ভবন নির্মাণের অভিযোগ রয়েছে। সরকারী সম্পত্তি দখল করে বারবার তিনি পার পেয়ে যাওয়ায় এবার তিনি প্রাইমারী স্কুলের সম্পত্তি দখল করে মার্কেট নির্মাণের কাজ শুরু করেছেন।

সূত্রমতে, নগরীর দক্ষিণ আলেকান্দা চরেরবাড়ি (আর্মড পুলিশ ব্যাটালিয়নের সামনে) ৮৯নং ভাটারখাল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দেয়াল ও পুরনো স্কুল ভবন ভেঙ্গে সেই জমি দখল করে সিটি কর্পোরেশনের ১১নং ওয়ার্ড কাউন্সিলর মজিবর রহমান সম্প্রতি দ্বিতল মার্কেট ভবন নির্মাণের কাজ শুরু করেছেন। অভিযোগ রয়েছে, স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি আব্দুর রব নিজেকে সাবেক শিক্ষা অফিসার পরিচয় দিয়ে কাউন্সিলরের সঙ্গে আতাত করে ভবন নির্মাণে সহযোগিতা করে আসছেন।

অভিভাবক দেলোয়ার হোসেন জানান, কাউন্সিলর মজিবর রহমানের ক্ষমতার দাপটের কারণে এলাকার কেউ প্রতিবাদ করতে সাহস পাচ্ছেন না। স্কুলের প্রধান শিক্ষক মাধুরি বিশ্বাস বলেন, কাউন্সিলর কাউকে কিছু না জানিয়েই পুরনো স্কুল ভবনটি ভেঙ্গে জমি দখল করে দ্বিতল মার্কেট ভবন নির্মাণের কাজ শুরু করেছেন। বিষয়টি ম্যানেজিং কমিটির সভাপতি আব্দুর রব ও উপজেলা শিক্ষা অফিসার এসএম আমিরুল ইসলামকে জানানো সত্ত্বেও তারা কোন ব্যবস্থা গ্রহণ করেননি। এ ব্যাপারে সদর উপজেলা শিক্ষা অফিসার এসএম আমিরুল ইসলাম বলেন; বিষয়টি প্রধান শিক্ষক আমাকে বলেছিলেন। তবে বিষয়টি আমার খেয়াল ছিল না।

এখন খোঁজখবর নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আবু জাফর মোঃ সালেহ বলেন, বিষয়টি লিখিতভাবে আমাকে কেউ জানায়নি। তাই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়নি। এ ব্যাপারে জেলা প্রশাসক ড. গাজী মোঃ সাইফুজ্জামান বলেন, একজন সচেতন নাগরিক শনিবার দুপুরে বরিশালের সমস্যা ও সমাধান নামের ফেসবুক পেজে বিষয়টি পোস্ট করার পর এ সম্পর্কে আমি অবগত হয়েছি। তিনি আরও বলেন, তাৎক্ষণিক অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এবং বরিশাল সদর উপজেলা নির্বাহী অফিসারকে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।